দৈনিক সংবাদ

২৪

তারিখ ..০৮ SEP 1994...
পৃষ্ঠা... ৩ ...কলাম...2...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের সুপারিশ ও নীতিমালা গৃহীত

**(নিজস্ব বার্তা পরিবেশক)**

চট্টগ্রাম, ৭ই সেপ্টেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের বিশেষ সভায় শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের সুপারিশ ও নীতিমালা গৃহীত হয়েছে। অপরদিকে পরিবেশ পরিষদ গঠনের বিরোধিতা করে ইসলামী ছাত্র শিবির ও তাদের গঠিত ৯টি নামসর্বস্ব সংগঠন ধর্মঘট ডেকেছিল। পরিবেশ পরিষদ গঠনের সুপারিশে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু, স্বাভাবিক, সুস্থ, সাবলীল ও শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিত করা, যেকোন ধরনের অবাঞ্ছিত অসামাজিক, সন্ত্রাসমূলক কর্মকাণ্ড ও বিশৃঙ্খলা সৃষ্টি, অস্ত্র বহন, ধারণ ও ব্যবহার প্রতিরোধ ও প্রতিকারকল্পে পরিষদ কার্যাবলী পরিচালনা করবে। সেক্ষেত্রে কোন শিক্ষার্থী বা ছাত্র সংগঠন একক বা সমষ্টিগতভাবে বহিরাগতদের সমন্বয়ে বা সহযোগিতায় কোন ধরনের আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক সংরক্ষণ বা বহন ও

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**

(১ম পাতার পর)

ব্যবহার এবং কোন রকম ত্রাস বা সন্ত্রাস সৃষ্টি করতে পারবে না। এমনকি প্রয়োজনে পরিষদ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন ও ক্যাম্পাস ও হলের যেকোন স্থানে তল্লাশি চালানোর ব্যবস্থা করতে পারবে। তাছাড়া কোন ছাত্র সংগঠন অহেতুক ধর্মঘট ডাকা এবং ধর্মঘটকালে সংশ্লিষ্ট শিক্ষক কর্মচারীদের ক্যাম্পাসে প্রবেশে বাধা দিতে পারবে না।

আজ বিকেল সাড়ে ৪টায় উপাচার্যের সভাপতিত্বে সিণ্ডিকেটের বিশেষ সভা উপাচার্য অফিসে অনুষ্ঠিত হয়। সভায় ১৫ জন সদস্যের মধ্যে ১২ জন উপস্থিত ছিলেন। ৩ ঘন্টাব্যাপী বৈঠকে বিশ্ববিদ্যালয়ের বিরাজমান পরিস্থিতির উন্নয়নকল্পে ও বিভিন্ন রাজনৈতিক, ছাত্র ও সামাজিক সংগঠনের দাবীর প্রেক্ষিতে পরিবেশ পরিষদ গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সর্বসম্মতিক্রমে পরিষদ গঠনের সিদ্ধান্ত নেয়া হয়। এর আগে গত ৩১শে আগষ্ট পরিষদ গঠনের বিষয়ে সিণ্ডিকেটের সভা হলেও কোন সুরাহা হয়নি।

আজকের সভায় পরিষদে ছাত্র প্রতিনিধি অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয় এবং ছাত্র সংগ্রাম পরিষদভুক্ত ৭টি সংগঠন, জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরের ২ জন করে ছাত্র প্রতিনিধি নেয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়।

বৈঠকে ছাত্র প্রতিনিধি নেয়ার বিষয়ে উপাচার্যকে দায়িত্ব অর্পণ করা হয়। পরিবেশ পরিষদে শিক্ষক, কর্মচারী, কর্মকর্তা প্রতিনিধি অন্তর্ভুক্তির বিষয়টিও চূড়ান্ত করা হয়েছে।

সিণ্ডিকেটের সভার আগে বিকেল ৪টায় ছাত্র সংগ্রাম পরিষদ অবিলম্বে পরিবেশ পরিষদ গঠনসহ ৮ দফা কার্যকর করার দাবী সম্বলিত একটি স্মারকলিপি উপাচার্যের কাছে প্রদান করে।

**শিবির ক্লাস হতে দেয়নি**

অপরদিকে পরিবেশ পরিষদ গঠনের তীব্র বিরোধিতা করে শিবির ও তাদের গঠিত ৯টি নামসর্বস্ব সংগঠন আজ বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হতে দেয়নি। শিবির কর্মীরা ১ ও ২ নং গেটে তালা ঝুলিয়ে দেয়। এমনকি কোন যানবাহনও ঢুকতে দেয়নি। শিক্ষক-কর্মচারীরা গেট থেকে ফিরে আসে। শিবিরকর্মীরা সকাল থেকে ক্যাম্পাসে মিছিল বের করে। সিণ্ডিকেটের সভা চলাকালেও তারা বিক্ষোভ প্রদর্শন করে।